

**ছাত্র দলের  
আন্দোলন  
কর্মসূচী**

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)  
জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির বিরুদ্ধে ১৯টি অভিযোগ উত্থাপন করে তাঁর পদত্যাগের দাবী জানিয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংগঠনের নেতা কর্মীদের উপর জারী করা (শেষ পৃঃ ১-এর কঃ দঃ)

**কর্মসূচী**

(প্রথম পৃঃ পর)

শোকজ নোটিশ প্রত্যাহার এবং আটক ছাত্র রাজবন্দীদের মুক্তির দাবীতে ছাত্রদল ২৫ দিন ব্যাপী আন্দোলনের কর্মসূচীও ঘোষণা করেছে।

গতকাল জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ছাত্রদল সভাপতি আসাদ জামান রিপন এ দাবী জানান এবং কর্মসূচী ঘোষণা করেন। সাংবাদিক সম্মেলনে ছাত্রদলের সাধারণ সম্পাদক আমানউল্লাহ আমান সহ অন্যান্য নেতাবন্দী উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনে জনাব আসাদ জামান রিপন তার লিখিত বক্তব্যে অভিযোগ করেন, গণ তান্ত্রিক আন্দোলনে আপোষহীন ভূমিকার কারণে সরকার ছাত্রদলের বিরুদ্ধে এবং বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভিসি ও প্রক্টর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। এর অংশ হিসাবে এর আগে ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক সানাউল হক নীরুসহ ৯ জন নেতাকে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে বহিষ্কার করা হয়। ডাকসু নির্বাচনের পর এ মহলটি আবার ছাত্রদলের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয়ে এবং পক্ষপাত মূলকভাবে সম্প্রতি ছাত্রদলের ৩৭ জন নেতা কর্মীর উপর শোকজ নোটিশ জারী করা হয়।

আসাদ জামান রিপন ডাকসু নির্বাচনোত্তর সন্ত্রাসী ঘটনার লী তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির বিরুদ্ধেও পক্ষপাতিত্বের অভিযোগ করেন।

আসাদ জামান রিপন ভিসির বিরুদ্ধে ১৯টি দলীয় অভিযোগ উত্থাপন করেন এবং তা তদন্তের দাবী জানান।

এক প্রশ্নের উত্তরে আসাদ জামান রিপন বলেন, এসব অভিযোগের সমর্থনে প্রয়োজনীয় কাগজ পত্র তাদের হাতে ওয়াছে।

তিনি বর্তমান ডাকসুর বিরুদ্ধে বিভিন্ন ব্যর্থতার অভিযোগ করেন।